



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.১৪০

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কক্সবাজার সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের পুরাতন সুপার কোয়াটার ও স্টাফ কোয়াটার সর্বোচ্চ দরদাতাকে
নিলামে বিক্রয় ও ভাঙ্গার নিমিত্ত কার্যাদেশ প্রদানের প্রশাসনিক অনুমোদন প্রসংগে।

সূত্র: কক্সবাজার টিএসসি পত্রের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০১.১২.০৮৯.২৬-১৩৬ তারিখ: ২৫/০২/২০২৬খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন কক্সবাজার সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের পুরাতন সুপার কোয়াটার ও স্টাফ কোয়াটার নিলামে বিক্রয় ও ভাঙ্গার নিমিত্ত সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের প্রশাসনিক অনুমোদনের জন্য অধ্যক্ষের নিকট হতে প্রস্তাব পাওয়া যায়।

অত্র দপ্তর স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.৩৩৩, তারিখ ২১/১২/২০২৫খ্রি. মোতাবেক নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কক্সবাজার কর্তৃক কক্সবাজার সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের পুরাতন সুপার কোয়াটার ও স্টাফ কোয়াটার নিলামে বিক্রয় ও ভাঙ্গার প্রাক্কলিত পরিমাপকৃত মূল্য=১,৯৯,৫০২/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচ শত দুই) টাকায় **Condemned** ঘোষণা, অপসারণ ও নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। আহবানকৃত নিলাম বিজ্ঞপ্তিতে জমাদানকারী বৈধ ০৫ (পাঁচ) টি দরপত্রের মধ্যে সর্বোচ্চ দরদাতার দর=৬,৩১,০০০/- (ছয় লক্ষ একত্রিশ হাজার) টাকা যা প্রাক্কলিত দরের চেয়ে বেশী।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.২০.১৮৭, তারিখ: ১৬/১০/২০২২খ্রি. তারিখের এ সংক্রান্ত পরিপত্র ৭ এর (খ) অনুযায়ী কক্সবাজার সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের উল্লিখিত পুরাতন সুপার কোয়াটার ও স্টাফ কোয়াটার নিলামে বিক্রয় ও ভাঙ্গার নিমিত্ত সর্বোচ্চ দরদাতার দরটি নিলামের মূল্যায়ন প্রতিবেদনসহ সরকারি কোষাগারে জমা হওয়ার প্রমাণক মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণের শর্তে প্রশাসনিক অনুমোদন দেয়া হলো।

এমতাবস্থায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১৬/১০/২০২২খ্রি. তারিখে জারীকৃত এ সংক্রান্ত পরিপত্র যথাযথ অনুসরণ করে পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮-০৪-২০২৬
মোঃ রেজাউল হক
পরিচালক ভোকেশনাল

অধ্যক্ষ, কক্সবাজার সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০২৩.৩০.০০০১.২১.১৪০/১ (৪)

২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ
ল)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য এ
বং
- ৪। সংশ্লিষ্ট নথি, ।



০৮-০৪-২০২৬
নাসরীন সুলতানা
সহকারী পরিচালক